# পাঠ — 22

## হাট

নিজে পড়ো ও শেখো —



শনিবার হাটবার কত বিকি কিনি
শাক পাতা কলা আতা চাল ডাল চিনি ।
ধুতি শাড়ি হাঁড়িকুড়ি মাছ ডিম ঝুড়ি
কুলো ধামা জুতো জামা কাঁটা ফিতে চুড়ি ।
নুন তেল জিরে ধনে মুসুর কলাই
টোকা ছাতা কড়া হাতা কচুরি মেঠাই ।
কিছু বাকি নাই ।।

1. কবিতাটি মুখস্থ করো ঃ

2. লেখো —

| শনিবার | রবিবার | সোমবার | বুধবার |
|---|---|---|---|
| | | | |
| | | | |


3. কবিতাটিতে যে সব খাবার জিনিসের নাম আছে, নিচে তাদের নাম লেখো ঃ

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

4. নিচের শব্দগুলিকে পূর্ণ করে খাবার জিনিসের নাম লেখো —

| | | | |
|---|---|---|---|
| বে····ন | ···· লু | পেঁ····জ | বাঁধা···পি |
| মু···· | পা····ং | কুম···· | ····টল |
| ····উ | ট ····টো | কাঁচ ····লা | শাল···ম |

5. ছবির নিচে তাদের নাম লেখো —

| | | | | |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
| | | | | |

6. কবিতাটি থেকে, যেসব জিনিস খাওয়া হয় না, তাদের নাম লেখো —

| | | | |
|---|---|---|---|
| ধুতি | | | |
| | | | |

7. নিচে লেখা, যেসব জিনিসগুলি খাওয়া হয়না সেগুলি কেটে দাও —

| | | | | |
|---|---|---|---|---|
| পেয়ারা | গামলা | পেরেক | নুন | আগুন |
| ঝাঁটা | জিলিপি | গেলাস | কলম | তেঁতুল |
| আখ | রেডিও | পানতুয়া | কেরোসিন | আনারস |

9. নিচে কয়েকটি জিনিসের নাম ওলট পালট করে লেখা আছে।
সেগুলি ঠিক করে নিয়ে লেখো —

দুরইঁ ——— রয়াচে ——— টেলবি ———

বাশলি ——— কাঁলঠা ——— মরিশা ———

বানসা ——— মড়াকু ——— তিলবা ———